রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, সেপ্টেম্বর ১৩, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**(প্রশাসন-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৯ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ/১৩ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ**

**এস.আর.ও. নং-২৬৭-আইন/২০২৩।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(১) **‘কমিশন’** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(২) **‘জিপিএ’** অর্থ Grade Point Average (GPA);

(৩) **‘তফসিল’** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(৪) **‘নিয়োগকারী কর্তৃপক্ষ’** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মচারী;

(৫) **‘পদ’** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(৬) **‘প্রয়োজনীয় যোগ্যতা’** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;


**মূল্য :** টাকা ৩০.০০

(৭) **'শিক্ষানবিশ'** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(৮) **'সিজিপিএ'** অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(৯) **'স্বীকৃত বিশ্ববিদ্যালয়'** বা **'স্বীকৃত প্রতিষ্ঠান'** বা **'স্বীকৃত ইনস্টিটিউট'** বা **'স্বীকৃত বোর্ড'** অর্থ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, ইনস্টিটিউট বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, ইনস্টিটিউট বা বোর্ড।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিল সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়:

তবে শর্ত থাকে যে, কোনো পদে এডহক ভিত্তিতে বা সাময়িকভাবে ইতঃপূর্বে নিয়োগকৃত কোনো ব্যক্তি অব্যাহতভাবে নিযুক্ত থাকিলে কোনো পদে সরাসরি নিয়োগের সর্বোচ্চ বয়সসীমা উক্ত ব্যক্তির ক্ষেত্রে শিথিল করা যাইবে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড বা, ক্ষেত্রমত, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হয়, বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য প্রযোজ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধার জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**- (১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৩-১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদ এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে অস্থায়ীভাবে পদোন্নতি প্রদান করা যাইবে, তবে সংশ্লিষ্ট পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির শিক্ষানবিশকাল হইবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসর; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসর:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির এইরূপ মেয়াদ বর্ধিত করিতে পারিবে, তবে বর্ধিত মেয়াদ ২ (দুই) বৎসরের অধিক হইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষের বিবেচনায় যদি কোনো শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক না হয়, বা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা না থাকে সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহা সম্পূর্ণ হইবার পর, নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদকালে কোনো শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি বিবেচনা করে যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক নয়, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে, সময় সময়, যেই পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যেই সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

৭। **প্রেষণের মাধ্যমে বদলি।**—নিয়োগকারী কর্তৃপক্ষ তফসিলে বর্ণিত কোনো পদে প্রেষণে বদলির মাধ্যমে নিয়োগ প্রদান করিতে পারিবে।

৮। **বিশেষ বিধান।**—(১) তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) তফসিলে বর্ণিত ক্রমিক নং ৭০ এ উল্লিখিত 'ইলেকট্রিশিয়ান', ক্রমিক নং ৭১ এ উল্লিখিত 'লিফটম্যান', ক্রমিক নং ৭২ এ উল্লিখিত 'প্লাম্বার', ক্রমিক নং ৭৩ এ উল্লিখিত 'হেড কুক', ক্রমিক নং ৭৪ এ উল্লিখিত 'সহকারী কুক', ক্রমিক নং ৭৫ এ উল্লিখিত 'নিরাপত্তা প্রহরী', ক্রমিক নং ৭৬ এ উল্লিখিত 'মালি' এবং ক্রমিক নং ৭৭ এ উল্লিখিত 'পরিচ্ছন্নতা কর্মী' পদে কর্মরত কোনো কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, চাকরির অবসান, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে উহার বিপরীতে আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবা গ্রহণ করা হইবে।

(৩) এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বা সুপারিনটেনডেন্ট (পিটিআই) পদ হইতে পদোন্নতিপ্রাপ্ত সহকারী পরিচালক অথবা প্রকল্প হইতে রাজস্বখাতে স্থানান্তরিত সহকারী পরিচালকগণের (নিয়মিতকরণের তারিখ হইতে জ্যেষ্ঠতা নির্ধারণপূর্বক) উপপরিচালকের ফিডার পদে জ্যেষ্ঠতা অক্ষুণ্ন থাকিবে।

৯। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর Part "VII" এর "Bangladesh Civil Service (General Education)" এর "Primary Education Directorate Head Office" সংশ্লিষ্ট Serial No. 22, 23, 24, 25, 26, 29 ও 32 এবং উহাদের বিপরীতে Column 2, 3, 4 ও 5 এ উল্লিখিত এন্ট্রিসমূহ রহিত হইবে।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উপ-বিধি (১) এ বর্ণিত বিধিতে উল্লিখিত Serial No. ও Column-সমূহের অধীন কোনো পদে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে চাকরি অবসানের পূর্ব পর্যন্ত—

(ক) পূর্বের ধারাবাহিকতায় উক্ত বিধির আওতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ এইরূপে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার অধীন প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; অথবা

(খ) চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও প্রাপ্য অধিকারসমূহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৩ অনুযায়ী নির্ধারিত হইবে।

(৩) সিভিল আপিল নং ৪৮/২০১১ এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের গেজেটেড অফিসার ও নন-গেজেটেড কর্মচারীদের নিয়োগ বিধিমালা, ১৯৮৫ বিলুপ্ত হইয়াছে।

(৪) উক্তরূপ বিলুপ্তি সত্ত্বেও, উপ-বিধি (৩) এ উল্লিখিত বিধিমালার অধীন কৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা বা প্রদত্ত কোনো আদেশ এই বিধিমালার অধীন কৃত, গৃহীত বা প্রদত্ত বলিয়া গণ্য হইবে।

(৫) উপ-বিধি (১) এবং উপ-বিধি (৩) এ বর্ণিত বিধিমালায় গৃহীত কোনো কার্যক্রম নিষ্পন্নাধীন থাকিলে উহা রহিত বিধিমালার অধীন এইরূপে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালা কার্যকর হয় নাই।

**তফসিল**

[বিধি ২(৩), (৫) ও (৬), ৩(১) ও (২), ৬(৪), ৭ এবং ৮(১) ও (২) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | - | প্রেষণে বদলির মাধ্যমে | সরকারের গ্রেড-১ পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ২। | অতিরিক্ত মহাপরিচালক | - | প্রেষণে বদলির মাধ্যমে | সরকারের অতিরিক্ত সচিব বা যুগ্মসচিব পদে কর্মরত কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৩। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>উপপরিচালক পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি।<br>**<u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>**<br>সরকারের যুগ্মসচিব পদে কর্মরত কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৪। | সিনিয়র সিস্টেম এনালিস্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>নির্বাহী প্রকৌশলী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**<u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>**<br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৬। | উপপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে (ফিডার পদ সংখ্যার আনুপাতিক হারে) | (ক) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বা সহকারী পরিচালক [সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গবেষণা কর্মকর্তা ও শিক্ষা অফিসার পদ হইতে পদোন্নতিপ্রাপ্ত] পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরিসহ ৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি; অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) সুপারিনটেনডেন্ট (পিটিআই) বা সহকারী পরিচালক [সহকারী সুপারিনটেনডেন্ট (পিটিআই) বা গবেষণা কর্মকর্তা পদ হইতে পদোন্নতিপ্রাপ্ত] পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরিসহ ৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি। |
| ৭। | সিস্টেম এনালিস্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৮। | সহকারী পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে (ফিডার পদ সংখ্যার আনুপাতিক হারে) | (ক) সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গবেষণা কর্মকর্তা (উপজেলা/থানা শিক্ষা অফিসার পদ হইতে পদোন্নতিপ্রাপ্ত বা পদায়নকৃত) বা শিক্ষা অফিসার পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরিসহ ৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডের পদে মোট ৭ (সাত) বৎসরের চাকরি; অথবা<br>(খ) সহকারী সুপারিনটেনডেন্ট (পিটিআই) বা গবেষণা কর্মকর্তা [ইন্সট্রাক্টর (সাধারণ), ইন্সট্রাক্টর (বিজ্ঞান), ইন্সট্রাক্টর (কৃষি), ইন্সট্রাক্টর (শারীরিক শিক্ষা), ইন্সট্রাক্টর (চারু ও কারুকলা), ইন্সট্রাক্টর (কম্পিউটার সায়েন্স), ইন্সট্রাক্টর ও ইন্সট্রাক্টর (উপজেলা/থানা রিসোর্স সেন্টার) পদ হইতে পদোন্নতিপ্রাপ্ত বা পদায়নকৃত] পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরিসহ ৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডের পদে মোট ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৯। | নির্বাহী প্রকৌশলী | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | সহকারী প্রকৌশলী (সিভিল) বা সহকারী স্থপতি পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১০। | প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১১। | মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১২। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গবেষণা কর্মকর্তা (উপজেলা/থানা শিক্ষা অফিসার পদ হইতে পদোন্নতিপ্রাপ্ত বা পদায়নকৃত) বা শিক্ষা অফিসার পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরিসহ ৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডের পদে মোট ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ১৩। | সুপারিনটেনডেন্ট (পিটিআই) | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী সুপারিনটেনডেন্ট (পিটিআই) বা গবেষণা কর্মকর্তা [ইন্সট্রাক্টর (সাধারণ), ইন্সট্রাক্টর (বিজ্ঞান), ইন্সট্রাক্টর (কৃষি), ইন্সট্রাক্টর (শারীরিক শিক্ষা), ইন্সট্রাক্টর (চারু ও কারুকলা), ইন্সট্রাক্টর (কম্পিউটার সায়েন্স), ইন্সট্রাক্টর ও ইন্সট্রাক্টর (উপজেলা/ থানা রিসোর্স সেন্টার) পদ হইতে পদোন্নতিপ্রাপ্ত বা পদায়নকৃত] পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরিসহ ৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডের পদে মোট ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ১৪। | পরিসংখ্যানবিদ | - | পদোন্নতির মাধ্যমে | পরিসংখ্যান কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ১৫। | প্রকিউরমেন্ট এন্ড সাপ্লাই অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>স্টোর অফিসার, হিসাবরক্ষণ কর্মকর্তা বা অর্থ কর্মকর্তা পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষায় প্রথম শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৬। | সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/শিক্ষা অফিসার | - | পদায়নের মাধ্যমে | উপজেলা/থানা শিক্ষা অফিসার পদ হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের মাধ্যমে। |
| ১৭। | সহকারী সুপারিনটেনডেন্ট (পিটিআই) | - | পদায়নের মাধ্যমে | ৮০% পদ ইন্সট্রাক্টর (সাধারণ), ইন্সট্রাক্টর (বিজ্ঞান), ইন্সট্রাক্টর (কৃষি), ইন্সট্রাক্টর (শারীরিক শিক্ষা), ইন্সট্রাক্টর (চারু ও কারুকলা), ইন্সট্রাক্টর (কম্পিউটার সায়েন্স) ও ইন্সট্রাক্টর এবং ২০% পদ ইন্সট্রাক্টর (উপজেলা/থানা রিসোর্স সেন্টার) পদ হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের মাধ্যমে। |
| ১৮। | গবেষণা কর্মকর্তা | - | পদায়নের মাধ্যমে | ৩৪% পদ উপজেলা/থানা শিক্ষা অফিসার পদ হইতে এবং ৬৬% পদ ইন্সট্রাক্টর (সাধারণ), ইন্সট্রাক্টর (বিজ্ঞান), ইন্সট্রাক্টর (কৃষি), ইন্সট্রাক্টর (শারীরিক শিক্ষা), ইন্সট্রাক্টর (চারু ও কারুকলা), ইন্সট্রাক্টর (কম্পিউটার সায়েন্স), ইন্সট্রাক্টর ও ইন্সট্রাক্টর (উপজেলা/থানা রিসোর্স সেন্টার) পদ হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের মাধ্যমে। |
| ১৯। | সহকারী প্রকৌশলী (সিভিল) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>উপ-সহকারী প্রকৌশলী, এস্টিমেটর বা ড্রাফটস্‌ম্যান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশলে স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা এসোসিয়েট মেম্বার অব ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটশন, বাংলাদেশ (এএমআইই)-এর 'এ' এবং 'বি' শাখা পাশ। |
| ২০। | সহকারী স্থপতি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্থাপত্যবিদ্যায় স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২১। | স্টোর অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী মনিটরিং অফিসার বা প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ২২। | পরিসংখ্যান কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ২৩। | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৪। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৫। | সিনিয়র কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৬। | অর্থ কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি অথবা অর্থনীতি বা ব্যবসায় শিক্ষায় স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৭। | উপজেলা/থানা শিক্ষা অফিসার | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার, সহকারী গবেষণা অফিসার বা সহকারী শিক্ষা অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ২৮। | ইন্সট্রাক্টর (সাধারণ) | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪৫ বৎসর | (ক) ৩৫% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক, সহকারী ইন্সট্রাক্টর (উপজেলা/ থানা রিসোর্স সেন্টার) এবং সহকারী গবেষণা অফিসার পদের মধ্য হইতে ফিডার পদের আনুপাতিক হারে; এবং<br>(খ) ফিডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ২৯। | ইন্সট্রাক্টর (বিজ্ঞান) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানের যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানের যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩০। | ইন্সট্রাক্টর (কৃষি) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি ব্যাচেলর অব এগ্রিকালচার ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে উদ্ভিদবিদ্যায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি; অথবা<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে উদ্ভিদবিদ্যায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি; এবং<br>(ঘ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ৩১। | ইন্সট্রাক্টর (শারীরিক শিক্ষা) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণির ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩২। | ইন্সট্রাক্টর (চারু ও কারুকলা) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে চারু ও কারুকলায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে চারু ও কারুকলায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ৩৩। | ইন্সট্রাক্টর (কম্পিউটার সায়েন্স) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স এ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স এ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৪। | ইন্সট্রাক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>বিষয়: বাংলা</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাংলা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাংলা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি।<br><u>বিষয়: ইংরেজি</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি।<br><u>বিষয়: গণিত</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ৩৫। | ইন্সট্রাক্টর (উপজেলা/থানা রিসোর্স সেন্টার) | ৩০ বৎসর | (ক) ৩৫% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সহকারী ইন্সট্রাক্টর (উপজেলা/থানা রিসোর্স সেন্টার), পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক বা সহকারী গবেষণা অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি; অথবা<br>(গ) শিক্ষায় ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(ঘ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৬। | হিসাবরক্ষণ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষায় স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৩৭। | সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ বৎসর পর্যন্ত বয়স শিথিলযোগ্য | সরাসরি নিয়োগের মাধ্যমে<br>[৮০% পদ বিভাগীয় প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকিবে এবং ২০% পদ উন্মুক্ত প্রার্থীদের মধ্য হতে পূরণযোগ্য;<br>বিভাগীয় প্রার্থী বলিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে বুঝাইবে; বিভাগীয় প্রার্থী প্রধান শিক্ষক হইলে অন্যূন ৩ (তিন) বৎসর এবং সহকারী শিক্ষক হইলে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>তবে, বিভাগীয় প্রার্থীদের জন্য সংরক্ষিত পদে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদসমূহ উন্মুক্ত প্রার্থীদের মধ্য হইতে পূরণ করা যাইবে] | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৮। | সহকারী ইন্সট্রাক্টর (উপজেলা/থানা রিসোর্স সেন্টার) | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ বৎসর পর্যন্ত বয়স শিথিলযোগ্য | সরাসরি নিয়োগের মাধ্যমে [৮০% পদ বিভাগীয় প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকিবে এবং ২০% পদ উন্মুক্ত প্রার্থীদের মধ্য হতে পূরণযোগ্য; বিভাগীয় প্রার্থী বলিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে বুঝাইবে; বিভাগীয় প্রার্থীর প্রধান শিক্ষক হিসাবে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে; তবে, বিভাগীয় প্রার্থীদের জন্য সংরক্ষিত পদে যোগ্য প্রার্থী না পাওয়া গেলে উক্ত পদসমূহ উন্মুক্ত প্রার্থীদের মধ্য হইতে পূরণ করা যাইবে] | <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি; অথবা (খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি; অথবা (গ) শিক্ষায় ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (ঘ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ৩৯। | প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | প্রধান সহকারী, পিএ-কাম-কম্পিউটার অপারেটর বা সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি অথবা উচ্চমান সহকারী, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক বা সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪০। | সহকারী শিক্ষা অফিসার | - | পদায়নের মাধ্যমে | মাঠ পর্যায়ে ৩ বৎসরের চাকরির অভিজ্ঞতাসহ সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসার পদ হইতে পদায়নের মাধ্যমে। |
| ৪১। | সহকারী মনিটরিং অফিসার | ৩০ বৎসর | (ক) ৮০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>প্রধান সহকারী, পিএ-কাম-কম্পিউটার অপারেটর বা সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি অথবা উচ্চমান সহকারী, উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক বা সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ৪২। | সহকারী গবেষণা অফিসার | - | ৫০% পদ সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং ৫০% পদ সহকারী ইন্সট্রাক্টর (উপজেলা/থানা রিসোর্স সেন্টার) পদ হইতে পদায়নের মাধ্যমে | মাঠ পর্যায়ে সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার বা সহকারী ইন্সট্রাক্টর (উপজেলা/থানা রিসোর্স সেন্টার) পদে ৩ বৎসরের চাকরির অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৩। | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>হিসাবরক্ষক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ৪৪। | ডকুমেন্টেশন অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী লাইব্রেরিয়ান কাম ক্যাটালগার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি। |
| ৪৫। | উপ-সহকারী প্রকৌশলী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে পুরকৌশলে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৪৬। | এস্টিমেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে পুরকৌশলে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৪৭। | ড্রাফটস্‌ম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে পুরকৌশলে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৮। | পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে ব্যাচেলর অব এডুকেশন বা ডিপ্লোমা ইন এডুকেশনসহ দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষায় দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ৪৯। | সহকারী লাইব্রেরিয়ান কাম ক্যাটালগার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) অথবা গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমাসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ৫০। | প্রধান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী বা উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫১। | হিসাবরক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | ক্যাশিয়ার বা উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি। |
| ৫২। | সাঁটলিপিকার-কাম কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫৩। | পিএ-কাম-কম্পিউটার অপারেটর | - | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী বা উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি। |
| ৫৪। | কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। |
| ৫৫। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫৬। | উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষায় স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |
| ৫৭। | ক্যাশিয়ার | ৩০ বৎসর | (ক) ৮০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>হিসাব সহকারী বা ভান্ডার রক্ষক পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষায় স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫৮। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |
| ৫৯। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>(ক) ফটোকপি অপারেটর বা ডেসপাস রাইডার পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি অথবা অফিস সহায়ক বা নিরাপত্তা প্রহরী পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(ঘ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬০। | ডাটা এন্ট্রি অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬১। | হিসাব সহকারী | ৩০ বৎসর | (ক) ১% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৯৯% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>ক্যাশ সরকার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |
| ৬২। | ভান্ডার রক্ষক | ৩০ বৎসর | (ক) ২০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>রেকর্ড কীপার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬৩। | ড্রাইভার/গাড়িচালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ লাইসেন্স; এবং<br>(গ) হালকা/ভারী গাড়ি চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৬৪। | রেকর্ড কিপার | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৬৫। | ফটোকপি অপারেটর | - | পদোন্নতির মাধ্যমে | (ক) অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) ফটোকপি মেশিন চালানোর অভিজ্ঞতা। |
| ৬৬। | ক্যাশ সরকার | - | পদোন্নতির মাধ্যমে | (ক) অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |
| ৬৭। | কেয়ার গিভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬৮। | ডেসপাচ রাইডার | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৬৯। | অফিস সহায়ক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৭০। | ইলেকট্রিশিয়ান | পদটি পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণীয় হইবে। | | |
| ৭১। | লিফটম্যান | পদটি পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণীয় হইবে। | | |
| ৭২। | প্লাম্বার | পদটি পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণীয় হইবে। | | |
| ৭৩। | হেড কুক | পদটি পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণীয় হইবে। | | |
| ৭৪। | সহকারী কুক | পদটি পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণীয় হইবে। | | |
| ৭৫। | নিরাপত্তা প্রহরী | পদটি পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণীয় হইবে। | | |
| ৭৬। | মালি | পদটি পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণীয় হইবে। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৭৭। | পরিচ্ছন্নতা কর্মী | পদটি পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণীয় হইবে। | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফরিদ আহাম্মদ**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd